

তথ্যবিবরণী

নম্বর: ৪৯

**ময়মনসিংহে বিটিসিএল এর MOTN প্রকল্পের সেবা নিয়ে  
গ্রাহকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত**

ময়মনসিংহ (০৩ মে, ২০২৩ খ্রি.):

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ময়মনসিংহ এর উপমহাব্যবস্থাপক বলেছেন, দেশব্যাপী আইপি নেটওয়ার্ক গড়ে তোলা ও সর্বোচ্চ সেবা দেওয়ার লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি।

আজ ০৩ মে বুধবার বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ময়মনসিংহ এর সৌজন্যে MOTN (Modernisation of Telecommunication Network) প্রকল্পের কার্যক্রম ও সেবা নিয়ে গ্রাহকদের সাথে বিটিসিএল, ময়মনসিংহ এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে ময়মনসিংহ বিটিসিএলের উপমহাব্যবস্থাপক ইঞ্জিনিয়ার হানিফ উদ্দিন বলেন, “ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ কর্মসূচি বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ইউনিয়ন/গ্রাম পর্যন্ত ব্রডব্যান্ড সেবা পৌঁছানোর নিমিত্ত দেশব্যাপী আইপি নেটওয়ার্ক গড়ে তোলা অপরিহার্য।”

এসময় তিনি আরও বলেন, দেশের রাষ্ট্রায়ত্ত্ব টেলিযোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার জন্যে ডিজিটাল সংযোগের জন্যে টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প MOTN বাস্তবায়ন করছে। প্রকল্পটির সফল বাস্তবায়নের মাধ্যমে দেশজুড়ে আধুনিক টেলিফোন, উচ্চগতির ইন্টারনেট ও ভিডিও কমিউনিকেশনের সুযোগ বৃদ্ধি পাবে।

উক্ত অনুষ্ঠানে টেলিযোগাযোগ অধিদপ্তরের পরিচালক মো. খোরশেদ আলম, ময়মনসিংহ বিটিসিএল এর সহকারী ব্যবস্থাপক আব্দুল মুকিতসহ বিটিসিএল এর কর্মকর্তা-কর্মচারী ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

#

হদা/দেওয়ান/সজিব/২০২৩/১৫:৪০ ঘণ্টা